

বিআর২৫ কী?

বিআর২৫ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৯২ সালে এ জাত উদ্ভাবন করেছে। এর জনপ্রিয় নাম নয়াপাজাম। বিআর২৫ বা নয়াপাজাম ধানের রঙ ও আকৃতি এবং চালের আকার একদম পাজামের মতো। নয়াপাজাম পাজাম জাতের চেয়ে ফলন বেশি দেয় এবং জীবনকালও ৫-৭ দিন কম। নয়াপাজামের উচ্চতা ১৩৮ সেন্টিমিটার, কাণ্ড মজবুত, জীবনকাল ১৩৫ দিন এবং ফলন হেক্টরপ্রতি ৪.৫ টন।



চিত্র-১ : বিআর২৫ (নয়াপাজাম) ধান

কেন চাষ করবেন?

বিআর২৫ একটি মধ্যম জীবনকালসম্পন্ন ধান। এ ধান চাষ করে আমন-পরবর্তী রবি ফসল, যেমন-গম, ডাল, সবজি ইত্যাদি ফসল সময়মতো চাষাবাদ করা সহজ হবে। তা ছাড়া চালের বাজারমূল্য বেশি হওয়ায় কৃষক লাভবান হবেন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজতলায় বীজ বপন : ১-৩০ আষাঢ়।

২. চারার বয়স : ২৫-৩০ দিন।

৩. রোপণ দূরত্ব : ২৫ X ১৫ সেন্টিমিটার।

৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :

৪.১ ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিঙ্ক
২০	১৪	৯	৮	১.৫

৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৪৫ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসিভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করা উত্তম।

৫. আগাছা দমন : রোপণের অন্তত ১ মাস পর্যন্ত জমি আগাছামুক্ত রাখা আবশ্যিক।

৬. রোগ-বালাই দমন : নয়াপাজাম বস্ট, পাতাপোড়া রোগ এবং পামরি পোকাকার আক্রমণে মধ্যম প্রতিরোধশীল। অনুমোদিত দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৭. ফসল পাকা ও কাটা : ১-১৫ অগ্রহায়ণ।



চিত্র-২ : এলসিসি দিয়ে ধানের পাতার রঙ মিলিয়ে ইউরিয়ার চাহিদা নির্ধারণ

আরো তথ্যের জন্য :

ড. মোঃ মোশাররফ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, ফলিত গবেষণা বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : ardbrii@dhaka.net

অধিবেশন ২ : মডিউল ৩
ফ্যান্ট শিট ৮